



## বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা

ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbfc.gov.bd

### প্রেস বিজ্ঞপ্তি

#### প্রথম বারের মত বিএইচবিএফসি'র গৃহায়ন অর্থায়ন মেলা আয়োজন



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) আবাসন খাতের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং রিয়েল এস্টেট ও আবাসন সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণে রাজধানীস্থ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের বলরংমে ১৯ হতে ২১ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত 'গৃহায়ন অর্থায়ন মেলা-২০১৭' আয়োজন করেছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন মেলার শুভ উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ইউনুসুর রহমান, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়; জনাব শেখ আমিনউদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বিএইচবিএফসি; জনাব আলমগীর শামসুল আলামিন, সভাপতি, রিহ্যাব; জনাব লিয়াকত আলী ভূইয়া, সহ-সভাপতি-১, রিহ্যাব, জনাব মোহাম্মদ আবু সাদেক, পরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনসিটিউট। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্তী। রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) মেলায় সার্বিক সহযোগিতা প্রদান করেছে। মিডিয়া পার্টনার হিসেবে সহায়তা প্রদান করেছে এটিএন বাংলা এবং সার্বিক ব্যবস্থাপনায় গৌণবিজ এ্যড পয়েন্ট। মেলার মূল উদ্দেশ্যই গৃহায়ন খাতের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে এক ছাদের নিচে এনে দেশী ও বিদেশী বিনিয়োগের বিপুল সম্ভাবনা সৃষ্টি করা- যা জাতীয় অর্থনীতিতে বিশেষ অবদান রাখবে।

মেলায় ৩১টি ডেভেলপার প্রতিষ্ঠান, ৭টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসহ সর্বমোট ৪৭টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। প্রতিদিন সকাল ১০:০০ হতে রাত ৯:০০ টা পর্যন্ত সর্বসাধারণের জন্য মেলা উন্মুক্ত থাকবে।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন সরকারের ৱৃপক্ষ-২০২১ বাস্তবায়নের অংশ হিসেবে সবার জন্য আবাসন নিশ্চিত করার চ্যালেঞ্জ ও লক্ষ্য বাস্তবায়নের এক গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে বিএইচবিএফসি আবাসন খণ্ড দিয়ে যাচ্ছে। সরকারের আবাসন চ্যালেঞ্জ মোকাবেলায় বিএইচবিএফসি'র কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে বলে তিনি মনে করেন। মেলার মাধ্যমে কর্পোরেশনের খণ্ড কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগণ অবহিত হতে পারবেন এবং গৃহ নির্মাণ খণ্ড গ্রহণের মাধ্যমে আরোও উপকৃত হবেন বলে অভিমত ব্যক্ত করেন।

এসডিজি'র লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সবার জন্য আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণে সরকার সর্বোচ্চ অধীরিকার দিচ্ছে বলে মোঃ ইউনুসুর রহমান মন্তব্য করেন। এই মেলার মাধ্যমে কর্পোরেশনের পরিচিতি আরও বৃদ্ধি পাবে এবং এর কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগণ অবহিত হতে পারবেন বলে তিনি মনে করেন।

গৃহায়ন ও পূর্ত সচিব বলেন পরিকল্পিত নগরায়ন ও শাস্তিপূর্ণ বাসস্থান গড়ে তোলার ক্ষেত্রে বিএইচবিএফসি'র কার্যক্রম আগের তুলনায় অনেকগুলি বৃদ্ধি পেয়েছে। তিনি মনে করেন মেলার মধ্য দিয়ে বিএইচবিএফসি এবং মেলায় অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে আন্তঃ যোগাযোগ বৃদ্ধি পাবে।

মেলায় কর্পোরেশনের খণ্ড কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এবং সমস্যা ও সম্ভাবনা তথা সুবিধা অসুবিধা ইত্যাদি সার্বিক বিষয়ে গ্রাহকগণের উপর একটা ইতিবাচক প্রভাব বিস্তার করবে বলে বিএইচবিএফসি'র চেয়ারম্যান মতামত ব্যক্ত করেন। তিনি আরো বলেন খণ্ড গ্রাহিতা ও সম্ভাব্য গ্রাহকগণ প্রত্যক্ষভাবে খণ্ডের নতুন প্রোডাক্ট ও ধরন, খণ্ড গ্রাহণ ও পরিশোধ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে সর্বশেষ ধারনা লাভ করতে পারবেন।

রিহ্যাবের সভাপতি তাঁর বক্তব্যে গৃহায়ন খাতের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অংশগ্রহণে মেলা আয়োজনে বিএইচবিএফসি'র এ উদ্যোগকে যুগান্তকারী বলে মন্তব্য করেন। গৃহায়ন খাতে চলমান মন্দ কাটিয়ে উঠতে বিএইচবিএফসি বিশেষ ভূমিকা পালন করবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক তাঁর বক্তব্যে কর্পোরেশনের খণ্ডের চাহিদা, নির্মাণ হার ও প্রতিযোগিতামূলক ব্যাংকিং খাত তথা সার্বিক বিবেচনায় কর্পোরেশনের গৃহিত নানামূল্কী পদক্ষেপ বর্ণনা করেন। নতুন প্রোডাক্ট উভাবন, খণ্ডের সিলিং বৃদ্ধি, খণ্ডের সুদের হার হাস্তে Single digit- এ নামিয়ে আনা, কর্পোরেশনকে Automation এর আওতায় আনা, Online এর মাধ্যমে নানামূল্কী সেবা প্রদান, খণ্ডের কিসি পরিশোধে BEFTN পদ্ধতি চালুকরণ, আবাদী জমি রক্ষাকল্পে গ্রাহকভিত্তিক খণ্ড প্রদান এবং Low cost Housing and Affordable Housing কর্মসূচি গ্রহণ করা হয়েছে বলে ব্যবস্থাপনা পরিচালক সকলকে অবহিত করেন। মেলায় অংশগ্রহণকারী Housing and Housing Finance সংক্রান্ত বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে আন্তঃ যোগাযোগ বৃদ্ধি পাবে এবং প্রয়োজনীয় তথ্যাদি সহজে ও দ্রুতভাবে সাথে আদান-প্রদানের সুযোগ সৃষ্টি হবে বলেও তিনি মনে করেন। এছাড়া মেলা চলাকালীন একইসাথে মেলা ও দেশব্যাপী বিএইচবিএফসি'র সকল অফিসে খণ্ড আবেদনের ক্ষেত্রে আবেদন ফি ও পরিদর্শন ফি'র উপর ৫০% ছাড় প্রদান করা হচ্ছে। তিনি মেলার সর্বান্তক সফলতায় সকলের সহযোগিতা কামনা করেন।